

-০১-
ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থ বছরের অনুমোদিত ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) ঠিকাদারের প্রয়োজনীয় কাগজপত্র।
- (৪) পূর্বানুমোদিত দরের কপি।
- (৫) ক্যালকুলেশন।
- (৬) প্রাক্কলন।
- (৭) প্রতিবেদন।

Name of the work: Supply of panaflex sicker, signboard, and other necessary items for PSTP.

১। সংযুক্ত ক্রমিক নং ০১ হতে ০৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। ঢাকা মহানগরীর বিভিন্ন এলাকার পয়ঃ সংগ্রহ করে দৈনিক ১২০ মিলিয়ন লিটার শোধন ক্ষমতাসম্পন্ন পাগলা পয়ঃ শোধনাগারের লেগুনে (পুকুর) এরোবিক/নন-এরোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে ক্লোরিন সংযোগ করার পর ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হয়। উক্ত স্থাপনা হতে বর্তমানে লিফট পাম্প, স্লাজ পাম্প, আউটফল পাম্প, ৯.০ কিঃ মিঃ অভ্যন্তরীণ ও ৪টি প্রধান পয়ঃ লাইন ক্লিনিংসহ বিভিন্ন মডস্ জোন এর আওতাধীন ১৭ টি পয়ঃ উত্তোলন কেন্দ্রসহ নারিন্দা পয়ঃ পাম্পিং স্টেশনের যাবতীয় বৈদ্যুতিক ও যান্ত্রিক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ করে ঢাকা মহানগরবাসীকে সুস্থভাবে পয়ঃ নিষ্কাশন সুবিধা প্রদান করা হয়ে থাকে। উল্লেখ্য পাগলা পয়ঃশোধনাগার একটি কেপিআই ও জাতীয় গুরুত্বপূর্ণ স্থাপনা হিসেবে তালিকাভুক্ত। উক্ত প্লান্টে বিভিন্ন সময় কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, বিদেশী অতিথি, সরকারী উচ্চপদস্থ কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি সহ বিভিন্ন ধরনের অতিথি কর্তৃপক্ষের অনুমতি নিয়ে প্লান্ট ভিজিট করে থাকেন। কলেজ-বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকা, শিক্ষার্থী, বিদেশী অতিথি, সরকারী উচ্চপদস্থ কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধিদেরকে কে পাগলা পয়ঃ শোধনাগারের বিভিন্ন মেশিনারিজ ও শোধন প্রক্রিয়া সম্পর্কে অবগত করার জন্য সঠিক দিকনির্দেশনা এবং পাগলা পয়ঃশোধনাগার বিভাগের সিকিউরিটি ও সেফটি সম্বলিত বিভিন্ন সচেতনতামূলক সাইন বোর্ড অত্র প্লান্টের বিভিন্ন পয়েন্টে রয়েছে। বর্তমানে পাগলা পয়ঃ শোধনাগারের আওতাধীন বিভিন্ন পয়েন্টে বিভিন্ন সাইজের আরো কিছু সাইনবোর্ড ও প্যানাপ্লেক্স স্টিকার সংগ্রহ করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দর এর ভিত্তিতে "Supply of panaflex sicker, signboard, and other necessary items for PSTP." শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৯৬,৬৭৪.৮৪ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত চুয়াত্তর দশমিক আট চার) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের "Sub Head-Y: Newspaper, book, and publication" (কোড ০১-০২-০১৭) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-191; প্যাকেজ নং-G36 হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০০৮ এর বিধি ৭৬(১)(ট) ধারা অনুসরণে সরাসরি ক্রয় পদ্ধতি (DPM) প্রক্রিয়ায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।


১.৩। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ ১.০ হতে ১.২ পর্যন্ত বর্ণনার আলোকে ও কর্তৃপক্ষের কাজের স্বার্থে "Supply of panaflex sicker, signboard, and other necessary items for PSTP." শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ সদয় অনুমোদন দেয়া যেতে পারে:-

ক) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুসারে Direct Procurement Method (DPM) পদ্ধিতে মেসার্স "এক্সপ্রেস এন্টারপ্রাইজ" এর মাধ্যমে কাজটি সম্পন্ন করার অনুমোদন।

খ) উপস্থাপিত দাপ্তরিক ৪,৯৬,৬৭৪.৮৪ (চার লক্ষ ছিয়ানব্বই হাজার ছয়শত চুয়ান্ন দশমিক আট চার) টাকা মাত্র প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন।


গ) উক্ত কাজের ব্যয়ভার পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ এর ২০২৫-২৬ অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের "সংবাদপত্র, পুস্তক ও প্রকাশনা" (কোড ০১-০২-০১৭) খাত হতে ব্যয় নির্বাহের প্রশাসনিক অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল মহোদয়ের অনুমোদনের আওতাধীন।


২৪/০৭/২৫
মোঃ মাসুম রহমান
উপ-সহকারী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।



২৪.০৭.২০২৫





সৈয়দ শিহাবুর রহমান
নির্বাহী প্রকৌশলী
পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ
ঢাকা ওয়াসা।


SF(WSTP circle)

১.৪ অনুমোদিত।


২৪.০৭.২৫

(মির্জা গোলাম কিবরিয়া :
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল
ঢাকা ওয়াসা।


XEN(PSTP)